

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.nanl.gov.bd

সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সুজায়েত উল্লাহ, পরিচালক (যুগ্মসচিব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

স্থান : পরিচালক (যুগ্মসচিব) জাতীয় আরকাইভস, মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ২৩/১২/২০১৯ খ্রিষ্টাব্দ, সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি :


১. জনাব তাহমিনা আক্তার, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
২. জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
৩. জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
৪. জনাব মোঃ আলী আকবর, সদস্য-সচিব, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সংশোধিত সিটিজেন চার্টার ডিজিটাল প্রিন্ট করে দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখার পূর্ববর্তী সিদ্ধান্ত বাস্তবায়ন করতে নির্দেশ দেন। সভাপতি বলেন যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর একটি সেবামুখী প্রতিষ্ঠান। সেবা প্রত্যাশীদের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন যে, সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রত্যাশীগণ সেবা পাচ্ছেন কিনা তা কমিটির সদস্যগণ সরেজমিনে পরিদর্শন করবেন।

সিদ্ধান্ত :

১. সংশোধিত সিটিজেন চার্টার ডিজিটাল ব্যানারে প্রিন্ট করে দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
২. সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রত্যাশীগণ সেবা পাচ্ছেন কিনা কমিটির সদস্যগণ তা সরেজমিনে পরিদর্শন করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ সুজায়েত উল্লাহ)

সভাপতি  
সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি

বিতরণ :

১. জনাব তাহমিনা আক্তার, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
২. জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
৩. জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, সদস্য, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
৪. জনাব মোঃ আলী আকবর, সদস্য-সচিব, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি।
৫. মহাশয় পরিচালকের ব্যক্তিগত কার্যালয়, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.nanl.gov.bd

## সিটিজেন'স চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন।

গত ২৩.১২.২০১৯ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) মহোদয়ের অফিস কক্ষে তাঁরই সভাপতিত্বে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। কমিটির সিদ্ধান্তের আলোকে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটির সকল সদস্য গত ২৬.১২.২০১৯ তারিখে সিটিজেন্স চার্টার অনুযায়ী গবেষণা সেবা পাচ্ছেন কিনা তা সরেজমিনে পরিদর্শন করেন। প্রথমে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি জাতীয় আরকাইভস পরিদর্শন করেন। জাতীয় আরকাইভস পরিদর্শনে দেখা যায় যে, গবেষকগণ অত্যন্ত সুশৃঙ্খলাভাবে গবেষণা করছেন। গবেষকদের সঙ্গে আলোচনাক্রমে জানা যায় যে, চাহিত তথ্য পেতে তাদের কোনও সমস্যা হচ্ছে না।

তারপর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি জাতীয় গ্রন্থাগার ভবনের পাঠকক্ষ পরিদর্শন করেন। পরিদর্শনকালে পাঠকগণের সঙ্গে কথা বলে জানা যায় যে, তারা নিয়মিত এখানে পড়াশুনা করছেন। পরিদর্শনকালে পাঠকগণ রিডিংরুমে পাঠের সময় রাত ০৮.০০ টা পর্যন্ত খোলা রাখার দাবী করেন। এসময় পরিচালক তাদেরকে রাত ০৮.০০ টা পর্যন্ত খোলা রাখার বিষয়ে প্রশাসনিকভাবে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আশ্বস্ত করেন।

এরপর পরিদর্শনকারী দলটি জাতীয় আরকাইভস ভবন ও জাতীয় গ্রন্থাগার ভবনের নিচতলায় সংশোধিত সিটিজেন চার্টার ডিজিটাল ব্যানারে প্রিন্ট করে দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে পুনরায় স্থান নির্বাচন করেন। দ্রুত সংশোধিত সিটিজেন চার্টার ডিজিটাল ব্যানারে প্রিন্ট করে ঝুলিয়ে রাখতে নির্দেশনা প্রদান করেন।

  
(মোঃ সুজায়েত উল্লাহ)  
পরিচালক (যুগ্মসচিব)

ও

সভাপতি

সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি

মহাপরিচালক  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।